বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০
ক্ষুদ্রসেচ বিভাগ, ক্ষুদ্রসেচ শাখা-৪
ই-মেইল:Irrigation4badc@gmail.com
www.badc.gov.bd

নং-১২.০৬.০০০০.২৫১.১৬.০০১.২০১৭-৭০৭

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০ / ১৪ মার্চ ২০২৪

পরিপত্র

ক্ষুদ্রসেচ উইঙ্গের আওতায় পরিচালিত সকল সেচ যন্ত্রের সেচ চার্জ আদায়ের মাসিক প্রতিবেদন (ফর্ম ১-৮) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিলের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা জারি করা হলো:

১) নির্ভুলভাবে A4 সাইজের কাগজে বই আকারে প্রতিবেদন তৈরি করতে;

২) প্রতিবেদনে এমআইএস ফরমের সবগুলো অংশ থাকতে হবে:

- *সেচ যন্ত্র ও সেচ চার্জ আদায়ের প্রতিবেদন:* ফরম ১ (গভীর নলকূপ) ও ফরম ২ (এলএলপি/অনকূ/ভাসমান পাম্প/ডাগ ওয়েল/আর্টিশিয়ান/অন্যান্য);
- *সেচ যন্ত্র ও সেচ চার্জ আদায়ের ১ ও ২ ফরমের একীভূত প্রতিবেদন:* ফরম ৩;
- *সেচ যন্ত্রওয়ারি অনাদায়ী ভাড়া/সেচ চার্জ সংক্রান্ত প্রতিবেদন:* ফরম ৪ (গভীর নলকূপ) ও ফরম ৫ (এলএলপি/অনকূ/ভাসমান পাম্প/ডাগ ওয়েল/আর্টিশিয়ান/অন্যান্য);
- *সরবরাহকৃত অচাল/অব্যহৃত সেচ যন্ত্রের প্রতিবেদন:* ফরম ৬ (এলএলপি/অনকূ/ভাসমান পাম্প/ডাগ ওয়েল/আর্টিশিয়ান/অন্যান্য) ও ফরম ৭ (গভীর নলকূপ);
- *মাসিক আয়-ব্যয় প্রতিবেদন:* ফরম ৮ (গভীর নলকূপ ও এলএলপি/অনকূ/ভাসমান পাম্প/ডাগ ওয়েল/আর্টিশিয়ান/অন্যান্য আলাদা করে)।

৩) Cover পেজে প্রতিবেদনকালীন মাসের নাম ও প্রতিবেদন প্রেরণ মাসের নাম উল্লেখ থাকতে হবে;

৪) Cover পেজের পরে সূচিপত্র থাকেবে, যেখানে এমআইএস ফরমের ১ থেকে ৮ এর নামসহ পৃষ্ঠা নম্বর উল্লেখ থাকতে হবে;

৫) প্রতিবেদন প্রেরণের সময়সীমা:

ক্রমিক নং	প্রণয়নকারী কর্মকর্তা	যার কাছে দাখিল করবেন	দাখিলের সর্বোচ্চ সময়	মন্তব্য
১.	সহকারী প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী	প্রতিমাসের ৫ তারিখ	
২.	নির্বাহী প্রকৌশলী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	প্রতিমাসের ৮ তারিখ	
৩.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	প্রতিমাসের ১১ তারিখ	
৪.	অতিরিক্ত প্রধান প্রকৌশলী	প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ)	প্রতিমাসের ১৫ তারিখ	

- সহকারী প্রকৌশলীগণ তাদের অধীন উপসহকারী প্রকৌশলীদের এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৬) ক্ষুদ্রসেচ উইঙ্গের অঞ্চল, সার্কেল, রিজিয়ন ও জোনের প্রধানগণ পৃথকভাবে স্ব স্ব অধিক্ষেত্রের প্রতিবেদন নির্ভুলভাবে প্রেরণের বিষয়টি আবশ্যিকভাবে নিশ্চিত করবেন।

কৃষি ও জনস্বার্থ সংশ্লিষ্ট পরিপত্রটি মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারিকে যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

(শিবেন্দ্র নারায়ণ গোপ)
প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ)
ফোন: ০২-৪৭১২৩০১৯
ই-মেইল- cemibadc@gmail.com

কার্যার্থে: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিএডিসি, ...(সকল মাঠ পর্যায়)
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিএডিসি, ...(সকল মাঠ পর্যায়)
৩. নির্বাহী প্রকৌশলী, বিএডিসি, ...(সকল মাঠ পর্যায়)
৪. সহকারী প্রকৌশলী, বিএডিসি, ...(সকল মাঠ পর্যায়)

অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. প্রধান প্রকৌশলী (নির্মাণ/সওকা), বিএডিসি, ঢাকা
২. উপনিয়ন্ত্রক (ক্ষুদ্রসেচ অর্থ ও হিসাব)/ উপব্যবস্থাপক (ক্ষুদ্রসেচ প্রশাসন), বিএডিসি, ঢাকা
৩. কো-অর্ডিনেটর (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা
৫. অফিস কপি, ক্ষুদ্রসেচ শাখা-৪